



একদল স্বপ্নসন্ধানী মানুষ পাহাড়ের ঢাল বেয়ে এগিয়ে চলেছে দূরে, অনেক দূরে। তাদের পীঠে ভারী হ্যাভারস্যাক, হাতে হাতুড়ি। চোখে তাদের মর্মভেদী দৃষ্টি। যে দৃষ্টির কাছে মূক পাথর কথা বলে ওঠে। বলে দেয় তাদের অন্তরের অন্তঃস্থলের গভীর-গোপন কথা, - তাদের ভিতরে লুকানো তেল-কয়লা, হীরে-চুনি-পান্নার সন্ধান। ওরা আসলে ভূতাত্ত্বিক।

পাথুরে পথ। হাঁটা কষ্টকর। মাথার ওপরে কড়া রোদ, পায়ের নীচে পাথর ফাটার শব্দ। ওদের মধ্যে একজন একটু থেমে এক টুকরো পাথর ভাঙল। তারপর কিছুক্ষণ দেখার পর খুব সস্তর্পণে সেটা হ্যাভারস্যাকের মধ্যে চালান করে দিল।

আবার তারা এগিয়ে চলল পাথরের পথ ধরে - আরও উপরে। একটা সময় তারা মিলিয়ে গেল দিগন্তের অন্তরালে। আকাশ-বাতাস জুড়ে তখনও ভেসে বেড়াতে লাগল তাদের বৃন্দগানঃ

পথ যদি হয় বন্ধুর

পথ যদি হয় সুদূর

ভূতাত্ত্বিক বন্ধু তুমি

হারিও না তোমার সুর।

প্রশ্ন হল ভূতত্ত্ববিদ কে? ভূতত্ত্বই বা কি?



## তাহলে জিওলজি কি?

হ্যাঁ, ভূবিজ্ঞান বা জিওলজি বলতে কি বোঝ? গ্রীক শব্দ **Geo** মানে হল পৃথিবী, যে গ্রহতে আমরা বাস করি, আর লজি অর্থাৎ জ্ঞান। তাহলে **Geology** হল পৃথিবী সংক্রান্ত পড়াশোনা।

ভূবিজ্ঞান বলতে গেলে পৃথিবীর প্রাচীনতম বিজ্ঞানের একটি। প্রাচীন প্রস্তর যুগে যে মানুষ প্রথম পাথরের অস্ত্র তৈরী করেছিল সেই সম্ভবতঃ পৃথিবীর প্রথম ভূবিজ্ঞানী। অবশ্য ঐ সময় মানুষ পৃথিবীর উপরিতলে হাতের কাছে যা মজুত পেরত তাকেই তার কাজে ব্যবহার করত। তারপর হাজার হাজার বছর অতিক্রান্ত। এখন মানুষ পৃথিবীর অভ্যন্তরে নিহিত লুকানো সম্পদের রহস্যও জানে। - জানে তাদের কিভাবে আহরণ করতে হয়।



### তোমার চারপাশে একবার তাকাও . . . . .

তোমার চারপাশে একবার ভাল করে তাকিয়ে দেখ। কি দেখছ? একটা স্টীলের স্কেল, একটা হাতুড়ি বা একটা আলপিনের বাক্স। এগুলি সবই ধাতুতে তৈরী। হয়ত কাছেপিঠে একটা কেটলী বা ইন্ড্রি, ফ্লাইং প্যান বা গ্যাস ওভেন দেখবে, যা তোমার মা ব্যবহার করেন। তারাও সব ধাতুতে তৈরী। জানালা দিয়ে একবার বাইরে তাকাও। রাস্তার উপর দিয়ে হয়ত একটা গাড়ি দ্রুত গতিতে ছুটে চলেছে। আকাশে হয়ত একটা উড়োজাহাজ। সবই কিন্তু ধাতুর দান। কাঠের জানালাটা, কাঁচের গ্লাস, বই বা জামাকাপড় - এগুলি অবশ্যই ধাতব নয়, কিন্তু ধাতুর ব্যবহার অস্বীকার করলে এগুলোও পাওয়া যাবে না। তাই নয় কি? আরে বাবা - এগুলি তৈরীর জন্য যন্ত্রপাতি-তো দরকার। সেগুলো তৈরী হয় লোহা বা অন্যান্য ধাতুতে।



### এখন প্রশ্ন হল, আমরা ধাতু পাই কোথা থেকে?

ধাতু তৈরী হয় খনিজ আকর থেকে, আর পৃথিবীর গভীর থেকে তা তুলে আনে ভূবিজ্ঞানীই।

"কেমন করে ছুটছে মানুষ  
গ্রহ থেকে গ্রহান্তরে"।

সবকিছুর জন্যই দরকার জ্বালানী গ্যাস বা তেল যা ভূবিজ্ঞানীদেরই দান।

তুমি কি জান, ভূবিজ্ঞানকে বাদ দিলে একটাও বাড়ি তৈরী হত না। (সিমেন্ট পেতে কোথায়?) চলত না একটাও গাড়ী বা প্লেন। হাজার হাজার কলকারখানার যন্ত্রপাতি মূহূর্তের মধ্যে স্ক্রু হয়ে যেত।

তাহলেই ভাব, ভূবিজ্ঞান কি না করতে পারে। এই বিজ্ঞানকে বাদ


দিয়ে সত্যিই কি আমরা বাঁচব?

**পুণঃ** নাসাতে মঙ্গলে প্রাণ ও জলের সন্ধানে ব্যস্ত বিজ্ঞানীদের অনেকেই ভূবিজ্ঞানী (থুড়ি মঙ্গলবিজ্ঞানী!)।



কি পড়ানো হয় ...

- ❑ ভূবিজ্ঞানের প্রাথমিক ধারণা,
- ❑ গাঠনিক ভূবিজ্ঞান,
- ❑ আলোকক্রান্ত মিনারেল বিজ্ঞান,
- ❑ প্রস্তর বিজ্ঞান,
- ❑ পুরাজীববিদ্যা ও ফসিল সংক্রান্ত পড়াশোনা,
- ❑ ভূমিরূপের উদ্ভব ও প্রকৃতি,
- ❑ ভূকম্প, সুনামি, আগ্নেয়গিরি ইত্যাদি সংক্রান্ত পড়াশোনা,
- ❑ অর্থনৈতিক ভূবিজ্ঞান,
- ❑ স্তরায়ণবিদ্যা,
- ❑ ভূজল, আর্সেনিক সমস্যা ইত্যাদি,
- ❑ রিমোট সেন্সিং, ফটো জিওলজির মত আধুনিক বিষয় সমূহ
- ❑ অন্যান্য বিষয় সমূহ।



## ভূবিজ্ঞান কোথায় পড়ব? . . . . .



আমাদের যোগমায়া দেবী কলেজে শুধুমাত্র মেয়েদের জন্য ভূবিজ্ঞান পঠনপাঠনের ব্যবস্থা আছে। শুধুমাত্র মেয়েদের জন্য ভূবিজ্ঞান পড়ার এমন ব্যবস্থা সম্ভবতঃ সারা দক্ষিণ-পূর্ব এশিয়ায় এক এবং অদ্বিতীয়।



আমাদের বিভাগের প্রাক্তনীদেব মध्ये আছেন সরকারী উচ্চপদস্থ কর্মী, ভূবিজ্ঞানী, ভারতীয় ভূবৈজ্ঞানিক সর্বেক্ষণের কর্ণধারের মত সর্বোচ্চ পদাধিকারী। আছেন বহুজাতিক সংস্থার উদ্যোগপতি, যাদের কর্মকাণ্ড সুদূর নেদারল্যান্ড পর্যন্ত বিস্তৃত।



প্রসঙ্গতঃ উল্লেখযোগ্য, ভারতের অন্যতম সেরা বিজ্ঞান প্রতিষ্ঠান ভারতীয় ভূবিজ্ঞান সর্বেক্ষণ-এর মহিলা কর্মীদের শতকরা সত্তর শতাংশই এই কলেজের প্রাক্তন ছাত্রী। আমাদের কয়েকজন ছাত্রী বর্তমানে আমেরিকাতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে গভীর সমুদ্রের রহস্য সন্ধানে ব্যস্ত।



আমাদের প্রাক্তনীরা আমাদের আত্মমর্যাদাকে এক সর্বোচ্চ সন্মানের স্তরে পৌঁছে দিয়েছে। তাদের সকলের জন্য তাই আমরা গর্বিত।

**সতর্কীকরণঃ** শারীরিক ভাবে সম্পূর্ণ সুস্থ, অ্যাডভেঞ্চারপ্রিয় যে কেউ ভূবিজ্ঞান পড়তে পারে। বিজ্ঞানে যুক্তির প্রায়োগিক দক্ষতা এবং শারীরিক সুস্থতা ভূবিজ্ঞান পড়ার অন্যতম শর্ত।



**চাকরীর সুযোগ-সুবিধাঃ**



**B.Sc** পাস করার পরঃ

ICS/IAS, WBCS, IFS ইত্যাদি।



**M.Sc** পাস করার পরঃ

Geological Survey of India, Central Ground Water Board, Coal India  
Oil and Natural Gas Corporation Ltd.

Atomic Mineral Division of the Govt. of India ইত্যাদি।

 **বেসরকারী চাকরিঃ**

INDAL, NALCO, BALCO  
ACC Cement & other Cement Co.  
Reliance Group  
অন্যান্য বেসরকারী খনি।

 **অন্যান্য চাকরিঃ**

অন্যান্য Technical Jobs, Staff Selection Commission  
Bank PO, Miscellaneous Service of WB Govt. ইত্যাদি।



সুনামী সংক্রান্ত পঠন-পাঠন আমাদের ভূবিদ্যা বিভাগে হয়ে থাকে।

